



## গ্রামীণ কৃষি মৌসম সেবা

ভারত আবহাওয়া বিজ্ঞান বিভাগ  
বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়  
মোহনপুর, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ



### কৃষি আবহাওয়া উপদেষ্টা বুলেটিন

তারিখ : 12-03-2024

উত্তর চক্ষিণ পরগণা(পশ্চিম বঙ্গ) আবহাওয়ার পূর্বাভাস - প্রকাশনার তারিখ :2024-03-12 ( পরের ৫ দিন সকাল ০৮:৩০ পর্যন্ত বৈধ)

পরিমাপক	2024-03-13	2024-03-14	2024-03-15	2024-03-16	2024-03-17
বৃষ্টিপাত (মি:মি:)	0.0	0.0	10.0	0.0	12.0
সর্বোচ্চ তাপমাত্রা (°C)	33.0	35.0	35.0	35.0	35.0
সর্বনিম্ন তাপমাত্রা (°C)	24.0	25.0	24.0	24.0	23.0
সকালের আপেক্ষিক আর্দ্রতা	88	89	89	85	73
বিকেলের আপেক্ষিক আর্দ্রতা	34	38	50	31	32
বাতাসের গতিবেগ (কি:মি:/ঘন্টা)	15	17	14	10	10
বাতাসের দিকনির্দেশ (ডিগ্রি)	243	202	205	120	216
মেঘের অবস্থা (ওকটা)	0	1	0	0	3

#### আবহাওয়ার সংক্ষিপ্তসার/সতর্কবার্তা::

আগামী কয়েকদিন বৃষ্টিহীন থেকে হালকা বৃষ্টির ( 14. 3.24 & 16.3.24 ) সম্ভাবনা আছে। আগামী কয়েকদিনে পরিষ্কার আকাশ থাকার সম্ভাবনা রয়েছে। আপেক্ষিক আর্দ্রতা সর্বাধিক 73% to 89% | সর্বোচ্চ তাপমাত্রা 28.0-31.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে এবং সর্বনিম্ন তাপমাত্রা 15.0-17.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে বলে আশা করা হচ্ছে।

#### সাধারণ পরামর্শাবলী::

মেঘদূত ওয়েদার অ্যাপকে স্মার্ট ফোনে প্লে স্টোর থেকে ডাউন লোড করে নিন এর মাধ্যমে আবহাওয়ার পূর্বাভাস ও কৃষি ভিত্তিক পরামর্শ দেশ ওয়া হয়, আপনারা পরামর্শ এর জন্য এই মোবাইল এপ্লিকেশন টি ব্যবহার করুন।

#### বার্তামূলক পরামর্শ:

আগামী 14. 3.24 & 16.3.24 হালকা বৃষ্টির সম্ভাবনা আছে, স্প্রেয়িং, সারপ্রয়োগ, পরিণত ফসল কাটার কাজ করবেন না।

#### ফসল বিশেষ পরামর্শাবলী::

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
ধান	পাশকাঠি আসার দশা : যারা চারা তৈরি করে মূল জমিতে রোয়া করে দিয়েছেন তাদের এখন সুসংহত উপায়ে আগাছা নিয়ন্ত্রণ, রোগপোকা দমন, সঠিক সময়ে ও মাত্রায় সার প্রয়োগের বিষয়টি মাথায় রাখতে হবে। রোয়ার ১৫ দিন পর ( চারার বয়স ৩ সপ্তাহ) প্রথম চাপান ও চারার বয়স ৬ সপ্তাহ হলে দ্বিতীয় চাপান দেবেন। মাটি পরীক্ষার ভিত্তিতে অনুখাদ্য দিলে ফলাফল ভালো হতে পারে। জিঙ্ক অনুখাদ্যের অভাব মেটাতে একর প্রতি ১০ কেজি

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
	জিঙ্ক সালফেট মূল সার বা প্রথম চাপানের সাথে দিতে হবে অথবা রোয়ার ১ মাস ও ১.৫ মাস পর প্রতি লিটার জলে .৫ গ্রাম চিলেটেড জিঙ্ক গুলে স্প্রে করা যায়। বোরন অনুখাদ্যের অভাব হলে ১-২ কেজি বোরক্স প্রতি হেক্টর জমিতে প্রয়োগ করতে হবে। চারা রোয়ার পর থেকে ধান কাটার ১০-১৫ দিন আগে পর্যন্ত ২.৫ সেমি জল ধরে রাখুন। আগাছা দমনের জন্য রোয়ার ৩-৪ দিন বাদে প্রেটিলাক্লোর স্প্রে করতে হবে। রোয়ার ১০ দিন ও ২০ দিন বাদে আগাছা দমন করুন।

### উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী::

উদ্যানপালন	উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী:
আম	পুষ্পমঞ্জরী আসার দশা ; আমবাগানে ফড়িং জাতীয় পোকাকার পর্যবেক্ষণ করুন এবং পোকা দ্বারা ক্ষতিগ্রস্ত পুষ্পমঞ্জরি বিনষ্ট করে ফেলুন।